**SET-4**

**Series AQ@QA/C**

**Q.P. Code 7**

Candidates must write the Q.P. Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | | |

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **6** ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **8** টি প্রশ্ন আছে ।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains **6** printed pages.
- Q.P. Code given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **8** questions.
- **Please write down the serial number of the question in the answer-book before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 2 ঘন্টা* | *সর্বমোট অঙ্ক : 40*

*Time allowed : 2 hours* | *Maximum Marks : 40*

The Question Paper is divided into **four** sections.

SECTION A — READING : 5 Marks

SECTION B — WRITING : 10 Marks

SECTION C — GRAMMAR : 10 Marks

SECTION D — LITERATURE & SUPPLEMENTARY READER : 15 Marks

## SECTION A : (READING)
## (Unseen Comprehension)

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও । *2+3=5*

ভগবান বুদ্ধ শিষ্য-সমভিব্যহাবে ভিক্ষা চাইতে বেরিয়েছেন । এক গৃহস্থ-বাড়ি যেতেই গৃহস্থ বুদ্ধকে যাচ্ছেতাই গালাগাল দিল । ... বুদ্ধ হাসিমুখ করে বেরিয়ে এলেন । শিষ্যরা বললেন, ‘‘আচ্ছা গুরুদের, ...আপনাকে যা-তা গালাগাল দিল । একটাও কথা না বলে হাসতে হাসতে বেরিয়ে এলেন ?’’

বুদ্ধ..শিষ্যকে বললেন, ‘‘আচ্ছা তোমার কাছে যদি কিছু চাই, আমায় দেবে ?’’

‘‘... কিন্তু আমার কাছে তো এই কমণ্ডলুটা ছাড়া আর কিছু নেই । এটাই নিন ।’’

বুদ্ধ বললেন, ‘‘ধরো এই কমণ্ডলুটা আমি নিলাম না । তাহলে এটা কার ?’’

‘‘আপনি না নিলে এটা আমারই থাকবে ।’’

‘‘তাহলে দেখ, ওই যে লোকটি আমায় এত গালাগাল দিল, তার গালাগাল আমি নিইনি । ওটা তাহলে ওরই থেকে গেছে ।’’

শিষ্য গুরুকে প্রণাম করে বললেন, ‘‘... আপনি আমার চোখ খুলে দিলেন ।’’

আমায় অকারণে কত লোক যে গালমন্দ করে, তার ঠিক নেই । কিন্তু আমি যে অবিচল হয়ে আমার কাজ করে যাচ্ছি, তার কারণ আমি কারও গালাগাল গ্রহণ করিনি । ... আমি যদি রাগ পুষে রেখে দিতাম, তাহলে আমি আমার কাজ করতে পারতাম না । ... আমি কি মহাপুরুষ ? মোটেই না । শত্রুকে ক্ষমা করা ও অপমান উপেক্ষা করা আমার স্বভাব । এই স্বভাব আমি অভ্যাসের দ্বারা রপ্ত করেছি ।’

(a) গৃহস্থ বুদ্ধের সঙ্গে কেমন ব্যবহার করেছিল ? গালাগাল শুনেও বুদ্ধকে হাসিমুখে বেরিয়ে আসতে দেখে শিষ্যদের কী প্রতিক্রিয়া হয়েছিল ? *2*

**অথবা**

বুদ্ধ ও গৃহস্থের গল্প থেকে বুদ্ধের কোন স্বভাবের পরিচয় পাই ? সেই স্বভাব আমরাও কীভাবে রপ্ত করতে পারি ?

(b) "আপনি আমার চোখ খুলে দিলেন ।" — কোন গল্পটি শুনে শিষ্যের চোখ খুলে গেল, তা সংক্ষেপে লেখো । *3*

## SECTION B : (WRITING)

**2.** তুমি কলকাতায় থাকো । তোমার বন্ধু আগরতলায় থাকে । দশম শ্রেণির পর তুমি সায়েন্স-আর্টস-কমার্সের মধ্যে কোন শাখায় পড়াশোনা করতে চাও এবং কেন জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো । তোমার নাম অনুপম অথবা অনুপমা আর তোমার বন্ধুর নাম ঋদ্ধ অথবা ঋদ্ধি । *5*

**অথবা**

তোমার বাবা কর্মসূত্রে পাটনায় থাকেন । করোনা পরিস্থিতির জন্য অনেকদিন বাড়িতে আসতে পারেননি । তাঁর খোঁজ-খবর নিয়ে, তাঁকে সাবধানে থাকার পরামর্শ দিয়ে, বাড়ির সকলের খবর জানিয়ে কলকাতা থেকে একটি চিঠি লেখো ।

**3.** নীচের যে-কোনো ***একটি*** বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো । *5*

(a) খবরের কাগজ পড়া দরকার কেন

(b) টোকিও অলিম্পিকে ভারতের কৃতি

(c) আমার জীবনের একটি গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা

## SECTION C : (GRAMMAR)

**4.** (a) বিসর্গসন্ধি কাকে বলে ? একটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও । (প্রশ্নপত্রে উল্লেখিত কোনো দৃষ্টান্ত দেওয়া চলবে না ।) *3*

**অথবা**

বিসর্গসন্ধির যে-কোনো একটি সূত্র বা নিয়মের উল্লেখ করো এবং সেই সূত্রের একটি উদাহরণ দাও ।

(b) নিঃ+রব = নীরব । – এখানে বিসর্গসন্ধির কোন সূত্র বা নিয়মটি কার্যকর হচ্ছে বুঝিয়ে দাও । *2*

**অথবা**

সন্ধিবদ্ধ করো – ‘পুরঃ+কার’ । সন্ধিবিচ্ছেদ করো – ‘সরোজ’ ।

**5.** (a) যৌগিক বাক্য কাকে বলে ? একটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও । *3*

**অথবা**

উদ্ধৃত বাক্যগুলির মধ্যে জটিল বাক্য কোনটি ? কী কারণে সেটি জটিলবাক্য বলো ।

‘বুঝতেই তো পারছ, পুরো দিনটা রূপ ধরে ঘুরে বেড়িয়েও দু-তিনটাকার বেশি হয় না । একবার বাইজি সেজে অবিশ্যি কিছু বেশি পাওয়া গিয়েছিল । কিন্তু ওতেই বা কী হবে ?’

(b) ‘আশ্চর্য হয়েছি, একটু ভয়ও পেয়েছি ।’ – বাক্যটিকে সরলবাক্য এবং জটিলবাক্য রূপান্তরিত করে দেখাও । *2*

**অথবা**

‘সবাই তাঁকে আলুবাবু বলত, কিন্তু তাঁর আসল নাম আলো।’ – বাক্যটিকে সরলবাক্য এবং জটিলবাক্যে রূপান্তরিত করে দেখাও ।

SECTION D : (LITERATURE & SUPPLEMENTARY READER)

**6.** ‘কিন্তু আর্ট আনা ঘুষ নিয়ে তারপর মাস্টারের অনুরোধ রক্ষা করেছিলেন সেই নকল-পুলিশ হরিদা ।’ *2+3=5*

(a) মাস্টার হরিদাকে ঘুষ দিয়েছিলেন কেন ?

(b) ঘুষ না নিয়ে হরিদা মাস্টারের অনুরোধ রক্ষা করেননি কেন, বুঝিয়ে দাও ।

**অথবা**

‘ও চেহারা কি সত্যিই কোনো বহুরূপীর হতে পারে ?’

(a) বহুরূপীর কোন চেহারা দেখে কাদের একথা মনে হয়েছিল ?

(b) ওই চেহারার বর্ণনা দাও ।

**7.** সূত্র ও প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখো । যে-কোনো ***একটি*** । *5*

(a) ‘দেখো, জপমালা হাতে
তোমার মা আর আমার আম্মা’

**অথবা**

(b) ‘আয় আরো হাতে হাত রেখে
আয় আরো বেঁধে বেঁধে থাকি’

**8.** ‘তোমার হাতে আমার গোহকে সঁপে দিলুম, তুমি মায়ের মতো একে মানুষ কোরো ।’ *2+3=5*

(a) কথাটি কে, কাকে বলেছিলেন ? কখন বলেছিলেন ?

(b) গোহকে কোন পরিবেশে কীভাবে মানুষ করার চেষ্টা করা হত ? কিন্তু গোহ নিজে কী করতে পছন্দ করত ?

**অথবা**

‘মান্ডলিক ভাইয়ের হাতে ছুরিখানা জোর করে গুঁজে দিলেন ।’

(a) ছুরিখানা কার ? মান্ডলিক কী উদ্দেশ্যে ছুরিখানা এনেছিলেন ?

(b) ছুরিখানা গুঁজে দিতে গিয়ে মান্ডলিক কী দেখলেন ? দেখে তাঁর কী প্রতিক্রিয়া হল ?